দৈনিক খবর

2 1 AUG 1993

# ১৩ বছর বয়সে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ছাত্র হওয়ার সুযোগ

লন্ডন থেকে রয়টারঃ মাত্র ১৩ বছরের এক কিশোর বিশ্বের মর্যাদাপূর্ণ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে যাচ্ছে। জীব ও রসায়ন বিদ্যায় বিপুল নাম্বার পেয়ে সে স্কুল ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ হওয়ায় বিশ্ববিদ্যালয়ে তার ভর্তি হওয়ার পথ সুগম হয়ে গেছে। মেধাবী ছাত্র আদম ডেন্ট গত বৃহস্পতিবার তার স্কুল ফাইনালে 'এ' লেভেলের রেজাল্ট পেয়েছে। গত ৪ বছর ধরে সে তার মার কাছে পড়াশোনা করে আসছিল। বিপুল নাম্বার পেয়ে উত্তীর্ণ হওয়ার পর ডেন্ট সাংবাদিকদের বলেছে, 'আমি সরাসরি পরীক্ষায় অবতীর্ণ হয়েছি। সেখানে কোন কৌশল ছিল না।' মর্যাদাপূর্ণ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার জন্যে তাকে আরো একটি সহজসাধ্য পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। আগামী সপ্তাহে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। ডেন্ট বিশ্ববিদ্যালয়ে রসায়ন বিদ্যায় পড়াশোনা করবে উল্লেখ্য, সাধারণতঃ ১৭ বছর বয়সে সবাই 'এ' লেবেল পাস করে থাকে।